# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৪৫

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ বিপদাপদের মাধ্যমে পরীক্ষা করার সময় নারীদের কান্না করা নিষেধ

ذِكْرُ الزَّجْرِ عَنِ الْبُكَاءِ لِلنِّسَاءِ عِنْدَ الْمَصَائِبِ إِذَا امْتُحِنَّ بِهَا

আরবী

3145 ـ أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ عَمْرَةَ أَنَّهَا سَمِعَتْ عَائِشَةَ تَقُولُ: لَمَّا جَاءَ نَعْيُ جَعْفَرِ بْنِ أَبِي طَالِبٍ وَزَيْدِ بْنِ حَارِثَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ رَوَاحَةَ جَلَسَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْرَفُ فِي وَجْهِهِ الْحُزْنُ قَالَتْ عَائِشَةُ: وَأَنَا أَطَّلِعُ مِنْ شَقِّ الْبَابِ فَأَتَاهُ رَجُلٌ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ نِسَاءَ جَعْفَرٍ قَدْ كَثُرَ بُكَاؤُهُنَّ فَأَمَرَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَنْهَاهُنَّ.
قَالَتْ عَائِشَةُ: فَذَهَبَ الرَّجُلُ ثُمَّ جَاءَ فَقَالَ: قَدْ نَهَيْتُهُنَّ وَإِنَّهُنَّ لَمْ يُطِعْنَنِي حَتَّى كَانَ فِي الثَّالِثَةِ فَزَعَمَتْ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: احْثُ فِي أَفْوَاهِهِنَّ التُّرَابَ
قَالَتْ عَائِشَةُ: فَقُلْتُ: أَرْغَمَ اللَّهُ بِأَنْفِكَ مَا أَنْتَ بِفَاعِلٍ مَا يَذْكُرُ رسول الله صلى الله عليه وسلم.
الراوي : عَائِشَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3145 | خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) (2734): ق.

বাংলা

৩১৪৫. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “যখন যাইদ বিন হারিসা, জা'ফর বিন আবী তালিব ও আব্দুল্লাহ বিন রাওয়াহা রাদ্বিয়াল্লাহু আনহুমদের মৃত্যু সংবাদ আসলো, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বসেন, এমন অবস্থায় তাঁর চেহারায় দুঃখিত হওয়ার ছাপ পরিলক্ষিত হচ্ছিল। আয়িশা রাদ্বিয়াল্লাহু

আনহা তিনি বলেন, “আমি দরজার ফাঁক দিয়ে দেখছিলাম। অতঃপর এক ব্যক্তি এসে বলেন, “জা’ফর বিন আবী তালিব রাদ্বিয়াল্লাহু আনহুর স্ত্রীরা প্রচুর কান্না করছে।” রাবী বলেন, “তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে (কান্না-বিলাপ করতে) বারণ করার জন্য তাকে আদেশ করেন। আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা তিনি বলেন, “তারপর সেই ব্যক্তি চলে যায়, অতঃপর কিছুক্ষন পর ফিরে এসে বলেন, “আমি তাদেরকে নিষেধ করেছি কিন্তু তারা আমার কথা মানেননি। আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার বলেন, “এভাবে তৃতীয়বারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেন, “তবে তাদের মুখে তুমি মাটি নিক্ষেপ করো!”

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা তিনি বলেন, “আল্লাহ তোমার নাককে ধুলোমলিন করুন। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যা বলছেন, তা তুমি পালন করতে পারছো না!” [1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১২৯৯; সহীহ মুসলিম: ৯৩৫; সুনান বাইহাকী: ৪/৫৯; নাসাঈ: ৪/১৪-১৫; আবূ দাঊদ: ৩১২২; মুসনাদ আহমাদ: ৬/২৭৬-২৭৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৩৯২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৭৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92475

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন